

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ২৩ জুলাই, ২০১৮

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী
হতে : পরিচালক
বিষয় : সংস্থায় আত্মীয় নিয়োগদানের নতুন নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. মানব সম্পদ নীতিমালা ২০১৩ অনুযায়ী, সংস্থায় আত্মীয় নিয়োগ দানের সুযোগ আছে।

২. আত্মীয়ের সংজ্ঞা:

- ক. ভাই, বোন, ছেলে, মেয়ে (এক চুলায় রান্না হয়)।
- খ. মামা, চাচা, খালা, ফুপু, ভাতিজা, ভাতিজি, ভাগ্নে, ভাগ্নি।
- গ. ভাইবোন (মামাতো, চাচাতো, খালাতো, ফুপাতো)।
- ঘ. ভগ্নিপতি, ভাই এর বউ, ভাসুর, জা, দেবর, ননদ, ননদের স্বামী, শালা, শালী, বোনের দেবর, দেবরের বউ, ননদ, ননদের স্বামী, ভাইয়ের শালা, শালার বউ, শালী, শালীর স্বামী।

৩. এখন থেকে এক চুলায় রান্না হয় (উপরে 'ক' এ বর্ণিত) এমন এক জনই শুধু সংস্থায় কাজ করা সুযোগ পাবেন। অন্য আত্মীয়ের (উপরে 'খ' থেকে 'ঘ' এ বর্ণিত) মধ্যেও সর্বোচ্চ দুই জন সংস্থায় কাজ করার সুযোগ পাবেন। অর্থাৎ এক চুলায় একজন এবং অন্য আত্মীয় দুইজন মোট তিন জনের বেশী সংস্থায় কাজ করার সুযোগ পাবেন না।

৪. উপরোক্ত কোন আত্মীয় সংস্থার কোন নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে পূর্বেই নির্বাহী পরিচালক থেকে মৌখিক অনুমোদন নিতে হবে।

৫. এ ক্ষেত্রে অপেক্ষাকৃত উর্ধ্বতন কর্মী তার আত্মীয়ের জন্য “আত্মীয় সংক্রান্ত Conflict of Interest ঘোষণাপত্র” সম্পন্ন করবেন এবং নিয়োগের ৭ দিনের মধ্যেই স্বাক্ষরিত ঘোষণাপত্র কেন্দ্রীয় মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগে নিজ দায়িত্বে পাঠাবেন।

৬. মানব সম্পদ বিভাগ মূলকপি ঘোষণাকারীর ব্যক্তিগত ফাইলে এবং এর একটি অনুলিপি যে কর্মীর জন্য অজ্ঞিকার করেছেন তার ব্যক্তিগত ফাইলেও সংরক্ষণ নিশ্চিত করবে।


৭. নীতিমালা অনুযায়ী আত্মীয়ের সংখ্যা পূরণ হয়ে গেলে আর কোন আত্মীয় নেয়া যাবে না।

৮. এটি অনুসরণ না করলে তা **Misconduct** এর আওতায় পড়বে এবং সে প্রেক্ষিতে সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।

৯. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এটি আপনার এলাকায়, শাখায়, প্রকল্প অফিসে ও সেন্টারে আগামী এক মাস সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন।

১০. এ সার্কুলারটির সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে যেকোন মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীকে আগামী ১০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

23.07.2018

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি